চার্লস ওয়েস্টন স্কুল কুম্বস পি এন্ড সি এসোসিয়েশন

প্রশ্ন এবং উত্তর

পি এন্ড সি কি?

বেশিরভাগ স্কুলেই অভিভাবকদের একটি দল থাকে যারা স্কুল কমিউনিটি (বা সমাজকে) প্রতিনিধিত্ব করে।

চার্লস ওয়েস্টন স্কুলে এই দলকে বলা হয় পি এন্ড সি এসোসিয়েশন যারা অভিভাবক এবং নাগরিকদের পক্ষে কথা বলে। আমরা অভিভাবকদের জন্য সভার আয়োজন করি যেখানে তারা স্কুল এবং সামাজিক বিষয়াদি নিয়ে আলোচনা করে।

পি এন্ড সি-এর সদস্য কে?

চার্লস ওয়েস্টন স্কুলের সকল অভিভাবক এবং যত্নপ্রদানকারীগণ (বা কেয়ারারগণ) স্বয়ংক্রিয়ভাবে পি এন্ড সি-এর সদস্য।

পি এন্ড সি কমিটি কি?

পি এন্ড সি কমিটি গঠিত হয় অভিভাবক এবং কেয়ারারগণ দ্বারা যারা এখানে স্বেচ্ছাসেবক হিসাবে কাজ করে এবং এই দলটিকে চালিয়ে নিতে সাহায্য করে। অভিভাবক এবং কেয়ারারগণ নিজেদেরকে মনোনীত করতে পারেন এবং তারা কমিটির পদে ১২ মাসের জন্য নির্বাচিত হতে পারেন। কমিতির পদসমূহ হলঃ

প্রয়োজনীয় পদসমূহ	ঐচ্ছিক
প্রেসিডেন্ট	কমিটির সাধারন সদস্য
ভাইস প্রেসিডেন্ট	যোগাযোগকারী অফিসার
সেক্রেটারী	কাউন্সিল প্রতিনিধি
কোষাধ্যক্ষ	তহবিল আয়ের কো- ওরডিন্যাটোর
পাবলিক অফিসার	

পি এন্ড সি কখন মিলিত হয়?

প্রতি টার্মের ৩য় এবং ৮ম সপ্তাহের মঙ্গলবার আমরা মিলিত হই। স্কুল নিউজলেটার এবং পি এন্ড সি-এর ফেইসবুক পেইজে মিটিং-এর বিজ্ঞপ্তি দেয়া হয়। যে কোন অভিভাবক এবং কেয়ারারগণ অংশগ্রহন করতে পারেন।

এই মিটিং-এ আমরা বিভিন্ন কর্মকাণ্ড, অনুষ্ঠানাদি এবং কিভাবে স্কুলের ব্যাপারে আমরা অবদান রাখতে পারি, সেই সম্পর্কে আলোচনা করি এবং সিদ্ধান্ত নেই।

মিটিং সন্ধ্যা ৭ টায় শুরু হয়। এটা অনুষ্ঠিত হয় কমিউনিটি রুমে অথবা ভিডিও-এর মাধ্যমে।

ফেইসবুকে আমাদেরকে দেখুন
@CWSCParents

পি এন্ড সি-এর ভুমিকা কি?

অভিভাবক এবং কেয়ারারগণকে স্কুল কমিউনিটির সাথে সংশ্লিষ্ট করার মাধ্যমে পি এন্ড সি স্কুলকে সামাজিক সহযোগীতা প্রদান করে। স্কুল এবং ছাত্র-ছাত্রীদেরকে সাহায্য করার জন্য আমরা অনুষ্ঠান এবং তহবিল বাড়ানোর বিভিন্ন কর্মকাণ্ড করে থাকি।

স্কুলের পোশাক পুল (যেখানে পোশাক সংগ্রহ ও বিক্রি করা হয়) পরিচালনার কাজে আমরা দায়িত্ব পালন করি।

স্কুলের বোর্ড থেকে পি এন্ড সি কিভাবে ভিন্ন?

এসিটি-এর প্রতিটি সরকারী স্কুলে একটি স্কুল বোর্ড আছে যা এমন একটি দল যেখানে অভিভাবক, কেয়ারার, স্কুলের কর্মচারী এবং ছাত্র-ছাত্রীরা তাদের স্কুলের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহনে অংশ নিতে পারে। গুরুত্ব সহকারে বলতে গেলে এই বোর্ড স্কুলের নীতি নির্ধারক হিসাবে কাজ করে।

স্কুল বোর্ড বছরে অন্ততঃ চার বার মিলিত হয় এবং এর পদবীসমূহ নির্বাচিত হয়। নির্বাচিত সদস্যরা অন্ততঃ ১২ মাস দায়িত্ব পালন করেন এবং ২৪ মাসের বেশী পদে থাকতে পারে্ন না।

পি এন্ড সি স্কুল বোর্ডের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে এবং অনেক সময় বিভিন্ন বিষয়াদি বিবেচনার জন্য বোর্ডের কাছে পাঠায়।

স্কুল পোশাকের পুল কি?

স্কুল পোশাকের পুল একটি এমন সুযোগ যেখানে পরিবারেরা ব্যবহৃত পোশাক কিনতে পারে। আমরা অভিভাবক এবং কেয়ারারগণের নিকট প্রতিনিয়ত স্কুলের পোশাক বিক্রি করে
থাকি যারা স্কুলে এসে পোশাক খুঁজে এবং অল্প দামে ব্যবহৃত পোশাক কিনে।

যে সকল পরিবার স্কুলের নতুন পোশাক কিনতে আর্থিকভাবে অক্ষম তাদেরকে সাহায্য করতে পারায় পি এন্ড সি খুশি।

আমি কখন ব্যবহৃত পোশাক কিনতে পারি?

প্রতি টার্মে স্কুলে আমরা পোশাকের পুল খুলে থাকি। স্কুল নিউজলেটার এবং পি এন্ড সি-এর ফেইসবুক পেইজে পোশাক পুলে বিক্রির তারিখ এবং সময় ঘোষণা করা হয়।

আমি কি পোশাকের পুলে দান করতে পারি?

আমরা সকল অভিভাবক এবং কেয়ারারগণকে স্কুলের পোশাকের পুলে ভাল মানসম্পন্ন ব্যবহৃত পোশাক দান করার জন্য উৎসাহিত করি। এতে করে আপনি পি এন্ড সি এবং স্কুলের জন্য গুরুত্বপূর্ণ তহবিল যোগাড় করতে সাহায্য করতে পারবেন।

পোশাক পুলের জন্য দান করা পোশাক স্কুলের অফিস রুমে রেখে যেতে পারেন।

পি এন্ড সি আর কি কি কাজ করে?

কিভাবে সমাজকে কাজে লাগানো যায় এবং তহবিল বাড়ানো যায় এই ব্যাপারে নতুন ধারনা বা উপায় প্রদান করাকে আমরা স্বাগতম জানাই। আমরা অনেক অনুষ্ঠানের আয়োজন করে থাকি এবং ছাত্র-ছাত্রী ও তাদের পরিবারকে অনেক ধরনের সেবা প্রদান করে থাকি। বিগত যে সকল কাজ আমরা করেছি সেগুলো হলঃ

- স্কুল ডিসকো
- নতুন পিতা-মাতাদের জন্য উপহার
- শিক্ষকদের জন্য ধন্যবাদ স্বরূপ উপহার
- শুভেচ্ছা স্বরূপ বনভোজন এবং নির্বাচন বারবিকিউ
- ট্রিভিয়া রাত্র
- মা এবং বাবা দিবস উপলক্ষে সকালের নাস্তা এবং উপহার স্টলের আয়োজন
- কমিউনিটি ক্যারল-এ বিস্কুট সাজানো এবং উপহার স্টলের আয়োজন
- প্রতিবেশী দিবস
- তহবিল বাড়ানোর অনুষ্ঠানের জন্য ছাত্র-ছাত্রী সংসদের সাথে কাজ করা

কিভাবে আমি একজন স্বেচ্ছা-সেবক হতে পারি?

স্কুলের সাহায্যার্থে আপনি বিভিন্নভাবে স্বেচ্ছা-সেবক হিসাবে কাজ করতে পারেন। যেমন অনেকেঃ

- পোশাকের পুলে কাপড়-চোপড় ধৌত করে এবং গুছিয়ে রাখে
- তহবিল বাড়ানোর অনুষ্ঠানের জন্য অভেনে খাবার বেক বা তৈরী করে
- কমিউনিটি বারবিকিউ-তে রান্না করে
- অনুস্থানে খাবার পরিবেশন করে
- অনুষ্ঠানাদি আয়োজন করে

পি এন্ড সি-এর সাথে আমি কিভাবে জড়িত হতে পারি?

আপনি বিভিন্নভাবে জড়িত হতে পারেনঃ

- সভায় উপস্থিত হতে পারেন
- আমাদের অনুষ্ঠান এবং কর্মকাণ্ডে সাহায্য করতে পারেন
- `তহবিল বাড়ানোর ব্যাপারে আপনার ধারনাগুলো জানাতে পারেন
- স্বেচ্ছা-সেবক হিসাবে সাহায্য করতে পারেন

পি এন্ড সি-এর সাথে আমি কিভাবে যোগাযোগ করব?

আমরা আপনার ধারনা এবং মন্তব্য শুনতে আগ্রহী। আমরা আপনাকে আমাদের একটি সভায় যোগদানের জন্য আমন্ত্রন জানাই – সকলেই এখানে স্বাগতম।

আপনি পি এন্ড সি-এর সাথে এই ইমেইল-এর **(charleswestonparents@gmail.com)** মাধ্যমে যোগাযোগ করতে পারেন

কোন ব্যাপারে আমার উদ্বেগ আছে – এই বিষয় নিয়ে আমি কার সাথে কথা বলব?

পি এন্ড সি-এর কোন ব্যাপারে উদ্বেগ থাকলে আপনাকে ইমেইল করার অথবা সভায় যোগদানের আহ্বান করছি।

স্কুলের নীতিমালা বা পরিকল্পনা বিষয়ক কোন ব্যাপারে আপনার উচিৎ হবে এই ইমেইল-এর **(charlesweston@ed.act.edu.au)** মাধ্যমে স্কুলের বোর্ড অথবা প্রধান অধ্যক্ষের সাথে যোগাযোগ করা

আপনার সন্তানের কোন ব্যাপারে দয়া করে তার শিক্ষকের সাথে এই ধরণ **(firstname.lastname@ed.act.edu.au)** অনুসরণ করে ইমেইল করুন

সকল ইমেইলের উত্তরের জন্য দয়া করে ৪৮ ঘণ্টা অপেক্ষা করুন।

অন্যান্য পরিবারের সাথে সাক্ষাতের জন্য এবং চার্লস ওয়েস্টন স্কুল কমিউনিটির সাথে যোগাযোগ তৈরীতে পি এন্ড সি একটি চমৎকার উপায়।

জরুরী অনুসন্ধানের জন্য

যে কোন জরুরী বিষয়ে দয়া করে স্কুল অফিসে ০২ ৬১৪২ ০৪০৪ নম্বরে ফোন দিন।

ACT Government
Education